

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৫৩

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (کتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ২০. সূরাহ ত্ব-হা ও ইয়াসীন এর ফযীলত

باب فِي فَضْل سُورَةِ طه وَ يس

আরবী

حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُنْذِرِ حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْمُهَاجِرِ بْنِ الْمِسْمَارِ عَنْ عُمَرَ بْنِ حَفْصِ بْنِ ذَكُوانَ عَنْ مَوْلَى الْحُرَقَةِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ تَبَارَكَ وَتَعَالَى قَرَأً طه وْ يس قَبْلَ أَنْ يَخْلُقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ بِأَلْفِ عَامٍ فَلَمَّا سَمِعَتْ الْمَلَائِكَةُ الْقُرْآنَ قَالَتْ طُوبَى لِأُمَّةٍ يَنْزِلُ هَذَا عَلَيْهَا وَطُوبَى لِأَجْوَافٍ تَحْمِلُ هَذَا وَطُوبَى لِأَلْسِنَةٍ تَتَكَلَّمُ بِهَذَا وَطُوبَى لِأَلْسِنَةٍ تَتَكَلَّمُ بِهَذَا

বাংলা

৩৪৫৩. আবী হুরাইরা রাদিয়াল্লাহু আনহু কর্তৃক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত হয়েছে যে, আল্লাহ তা'আলা আসমানসমূহ ও পৃথিবী সৃষ্টির এক হাজার বছর পূর্বে সুরাহ ত্ব-হা ও ইয়াসীন পাঠ করলেন। যখন ফেরেশতাগণ শুনলেন, তা শুনলেন, তখন বললেন, সুসংবাদ সেই সকল লোকদের জন্য, যাদের উপর এটি নাযিল হবে। আর সুসংবাদ সেই বক্ষের জন্যও, যে এটাকে বহন (ধারণ) করবে। আর সুসংবাদ সেই মুখের জন্যও যে একে পাঠ করবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ অত্যন্ত যয়ীফ।

তাখরীজ: তাবারাণী, আওসাত ৪৩৭৩; ইবনু আবী আসিম, আস সুন্নাহ নং ৬০৭; ইবনু খুযাইমা, আত তাওহীদ নং ২৩৬; ইবনু হিব্বান, মাজরুহীন ১/১০৮; বাইহাকী, শুয়াবুল ঈমান নং ২৪৫০; আসমা ওয়াস সিফাত পৃ: ২৩২; ইবনু জাওযী, আল মাওযু'আত ১/১১০; ইবনু আদী, আল কামিল ১/২১৮; উকাইলী, আয যু'আফা ১৬৬; ইবনু হিব্বান ও ইবনুল জাওযী বলেন, এ মতন (বক্তব্য) মাওযু' বা জাল। আরও দেখুন, আল লা'আলী আল মাসনু'আ ১/১০; মীযানুল ই'তিদাল ১/৬৭; মিশকাতুল মাসাবীহ নং ২১৪৮।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন